# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 10-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় আগামীকাল ২০ টি জেলার ১২২ টি আসনে ভোট নেওয়া হবে। অবাধ, সুষ্ঠু এবং শান্তিপূর্ণ ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকম বন্দোবস্ত করেছে।

আন্তঃরাজ্য ও ভারত-নেপাল সীমান্ত সীল করে দেওয়া হয়েছে।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ অ্যাঙ্গোলার জাতীয় সংসদে ভাষণ দেবেন।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরে আজ ভুটান যাচ্ছেন। সেখানে পুনাৎসাংচু জলবিদ্যুত্ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধনের পাশাপাশি তিনি বিশ্ব শান্তি প্রার্থনা উৎসবে যোগ দেবেন।

৪) জম্মু কাশ্মীর ও হরিয়ানা পুলিশ যৌথ অভিযান চালিয়ে ফরিদাবাদ থেকে প্রচুর পরিমাণে বিস্ফোরক ও আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে।

৫) ফেডেরাল কর্মীদের ৪০ দিন ধরে চলা অচলাবস্থার অবসানের লক্ষ্যে মার্কিন সেনেট একটি বিল অনুমোদন করেছে।

৬) আসাম মন্ত্রিসভা বহু বিবাহ প্রথা নিষিদ্ধ করতে একটি বিল অনুমোদন করেছে।

-----------------------------------------------------------------------------------

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ে আগামীকাল ২০টি জেলার ১২২টি আসনে ভোটগ্রহণের জন্য যাবতীয় বন্দোবস্ত সম্পূর্ণ। এই দফায় আগামীকাল ভারত-নেপাল সীমান্ত বরাবর অঞ্চল, সীমাঞ্চল, মগধ, শাহাবাদ, কোশি ও মিথিলায় ভোট নেওয়া হবে। পূর্ব ও পশ্চিম চম্পারন, মধুবনী, সীতামারহি, শেওহর, সুপউল, আরারিয়া, কিষানগঞ্জ, পূর্ণিয়া, কাটিহার, ভাগলপুর ও বাঁকা জেলায় ভোটগ্রহণ হবে। এর পাশাপাশি, গয়া, ঔরঙ্গাবাদ, জেহানাবাদ, আরওয়াল, জামুই, নওয়াদা, রোহতাস এবং কইমুর জেলাতেও ভোট নেওয়া হবে। রাজ্য পুলিশের মহানির্দেশক বিনয় কুমার জানিয়েছেন, নিরাপত্তার কথা চিন্তা-ভাবনা করে নেপাল সীমান্ত ও পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের আন্তঃরাজ্য সীমান্ত সিল করে দেওয়া হয়েছে, এবং নজরদারি চলছে। ভোটগ্রহণ না হওয়া পর্যন্ত মধুবনী জেলার জয়নগর থেকে নেপালের জনকপুর পর্যন্ত ভারত-নেপাল সীমান্তবর্তী মৈত্রী এক্সপ্রেসের চলাচল বন্ধ থাকবে।

ভোটগ্রহণ শুরু হবে সকাল ৭ টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। তবে নিরাপত্তার কারণে, চৈনপুর, গোবিন্দপুর, রাজৌলি, জামুই, সিকান্দ্রা, চাকাই এবং ঝাঝাতে ভোটগ্রহণ চলবে বিকেল ৫ টা পর্যন্ত। গয়া, ঔরঙ্গাবাদ, বাঁকা এবং রোহতাস জেলার কয়েকটি কেন্দ্রে বিকেল ৫টা পর্যন্ত ভোট নেওয়া হবে। এধরনের ভোট কেন্দ্রের সংখ্যা ১২০২টি। ভোটগ্রহণ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য, ৪৫ হাজারেরও বেশি ভোটকেন্দ্র খোলা হয়েছে। ভোটগ্রহণ প্রক্রিয়ার ওপর নিরন্তর নজরদারির জন্য সবকটি ভোটকেন্দ্রে ওয়েবকাস্টিংয়ের ব্যবস্থা থাকছে। সমগ্র নির্বাচনী প্রক্রিয়ার ওপর নজর রাখতে পাটনায় মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে সর্বাধুনিক নিয়ন্ত্রণ ও কম্যান্ড কেন্দ্র গড়ে তোলা হয়েছে।

মহিলাদের ক্ষমতায়নের বিকাশের লক্ষ্যে ৫৯৫টি ভোটগ্রহণ কেন্দ্রে শুধু মহিলা কর্মী এবং আধিকারিকরা থাকবেন। বিশেষভাবে সক্ষম কর্মীরা পরিচালনা করবেন একুশটি বুথ। দ্বিতীয় ও চূড়ান্ত দফায় আগামীকাল তিন কোটি সত্তর লক্ষেরও বেশি ভোটদাতা ১ হাজার ৩০২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করতে চলেছেন। এঁদের মধ্যে মহিলা প্রার্থীর সংখ্যা ১৩৬। বেশিরভাগ আসনেই এন ডি এ ও মহাগাঠবন্ধন প্রার্থীদের মধ্যে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে।

॥জম্মু-কাশ্মীরের বদগাঁও, নাগরোডা, রাজস্থানের হান্টা, ঝাড়খন্ডের ঘাটশিলা, তেলেঙ্গানার জুবিলি হিলস, পাঞ্জাবের তরণ তারণ, মিজোরামের ডাম্পা এবং ওড়িশার নুয়াপাড়া বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনেও আগামীকাল ভোট নেওয়া হবে।

বিহার বিধানসভা নির্বাচনের পাশাপাশি সব উপনির্বাচনের ভোটগণনা হবে ১৪ ই নভেম্বর।

------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ লুয়ান্ডায় অ্যাঙ্গোলার জাতীয় সংসদে ভাষণ দেবেন। রাষ্ট্রপতি জানিয়েছেন, বিশ্বের বৃহত্তম গণতন্ত্র ভারত অ্যাঙ্গোলার সঙ্গে সংসদীয় ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির ব্যাপারে দৃঢ় প্রত্যয়ী। শ্রীমতি মুর্মু অ্যাঙ্গোলায় ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করবেন। গতকাল তিনি অ্যাঙ্গোলার রাষ্ট্রপতি জোয়াও লরেনসর সঙ্গে বৈঠক করেন। আগামীকাল, তিনি অ্যাঙ্গোলার স্বাধীনতা উদযাপন অনুষ্ঠানে অংশ নেবেন।,

সফরের দ্বিতীয় পর্যায়ে বৎসোয়ানায় যাবেন রাষ্ট্রপতি ।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ২দিনের সফরে ভুটান যাচ্ছেন। সফরকালে শ্রী মোদী এবং ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক যৌথভাবে এক হাজার ২০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতা সম্পন্ন জলবিদ্যুৎ প্রকল্প পুনাৎসাংচু -র দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন করবেন। ভারত - ও ভুটান যৌথভাবে এই প্রকল্পটির রূপায়ন করেছে। ভুটানের চতুর্থ রাজা জিগমে সিঙ্গিয়ে ওয়াংচুকের সত্তরতম জন্মবার্ষিকীর অনুষ্ঠানেও যোগ দেবেন প্রধানমন্ত্রী। এছাড়া ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে -র সঙ্গেও তাঁর সাক্ষাতের কথা রয়েছে। শ্রী মোদী থিম্পুতে বিশ্ব শান্তি প্রার্থনা উৎসবে যোগ দেবেন। তাশিছোডজং -এ ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষে তিনি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করবেন। বিদেশমন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রীর এই সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ছাড়াও আঞ্চলিক বিষয়গুলির ওপরও দুপক্ষের মতবিনিময় হবে।

অন্যদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারত থেকে পাঠানো ভগবান বুদ্ধের পবিত্র স্মৃতি চিহ্নকে শ্রদ্ধার সঙ্গে স্বাগত জানানোর জন্য ভুটানের জনগণ এবং নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি বলেছেন যে এই স্মৃতি চিহ্ন শান্তি, করুণা এবং সম্প্রীতির চিরন্তন বার্তার প্রতীক। তিনি আরও বলেন যে ভগবান বুদ্ধের শিক্ষা ভারত এবং ভুটানের আধ্যাত্মিক ঐতিহ্যের মধ্যে একটি পবিত্র সংযোগ।

-------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ্ বলেছেন, শহরাঞ্চলের সমবায় ব্যাঙ্ক এবং সমবায় ঋণ প্রদানকারী সংস্থা গত কয়েক বছরে অভূতপূর্ব উন্নয়নের সাক্ষী হয়েছে। নতুন দিল্লিতে আজ শ্রী শাহ শহরাঞ্চলের সমবায় ঋণ ক্ষেত্রের উপর দুদিন

ব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলনে ‘সমবায় কুম্ভ ২০২৫’-এর উদ্বোধন করেন। তিনি বলেন, দুদিনের এই সম্মেলন সমবায় ক্ষেত্রে বিপুল সম্ভাবনার পথ খুলে দেবে।

(বাইট-অমিত শাহ্)

পৌর সমবায় ব্যাঙ্ক ও ঋণ প্রদানকারী সংস্থাগুলির জাতীয় ফেডারেশন (NAFCUB) ও কেন্দ্রীয় সমবায় মন্ত্রকের যৌথ উদ্যোগে এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলনের মূল ভাবনা, “ডিজিটাল স্বপ্ন-সামাজিক ক্ষমতায়ন”। আলোচনা, উদ্ভাবন ও যৌথ দৃষ্টিভঙ্গির দ্বারা সমাজের বিভিন্ন অংশের ক্ষমতায়ন এবং আর্থিক অন্তর্ভুক্তির মাধ্যমে সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করাই এই সম্মেলনের লক্ষ্য।

-------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ কোহিমায় নাগাল্যান্ড বিধানসভায় কমনওয়েলথ সংসদীয় সমিতি তৃতীয় ভারত অঞ্চলের ২২ তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করেছেন। শ্রী বিড়লা তাঁর উদ্বোধনী ভাষণে উত্তর পূর্বাঞ্চলের সমৃদ্ধ সংস্কৃতি, বৈচিত্র্য এবং গণতান্ত্রিক মূল্যবোধের উল্লেখ করেন।

-------------------

জম্মু কাশ্মীর ও হরিয়ানা পুলিশের এক যৌথ দল ফরিদাবাদ থেকে প্রচুর পরিমাণে বিস্ফোরক ও অস্ত্রশস্ত্র উদ্ধার করে বড় সাফল্য পেয়েছে। ফরিদাবাদের পুলিশ কমিশনার সতীন্দর কুমার গুপ্তা জানিয়েছেন, তল্লাশি অভিযান এখনও চলছে। মুজাম্মিল নামে এক অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। তিনি আরও জানান, একটি অ্যাসল্ট রাইফেল, তাজা কার্তুজ, ৩ শো ৬০ কেজি বিস্ফোরক সহ বেশ কিছু অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়েছে।

উত্তরপ্রদেশের সাহারানপুর থেকে একজন কাশ্মীরি ডাক্তারকে জইশ-ই-মহম্মদের সমর্থনে পোস্টার লাগানোর সময় গ্রেফতার করা হয়। সেই সূত্র ধরেই এই তল্লাশি অভিযান এবং অস্ত্রশস্ত্র উদ্ধার।

-------------------

আগামী কেন্দ্রীয় বাজেটের সম্ভাব্য সংস্থান নিয়ে কথা বলতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ নতুন দিল্লিতে অগ্রণী অর্থনীতিবিদদের সঙ্গে আলোচনা শুরু করেছেন। বৈঠকে, অর্থ মন্ত্রকের অর্থনীতি বিষয়ক দফতরের সচিব, সরকারের প্রধান অর্থনৈতিক উপদেষ্টা এবং অর্থনীতি বিষয়ক বিভাগের বরিষ্ঠ আধিকারিকরা উপস্থিত ছিলেন। আলোচনার প্রথম পর্ব সকাল দশটায় শুরু হয়ে বারোটায় শেষ হয়েছে। দ্বিতীয় পর্বে, অর্থমন্ত্রী দেশের বিশিষ্ট কৃষিবিদ এবং কৃষক সংগঠনগুলির সঙ্গে বৈঠক করবেন।

-------------------

আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন, আসাম মন্ত্রীসভা বহুবিবাহ বিরোধী আইন ২০২৫ অনুমোদন করেছে। ষষ্ঠ তফশিলভুক্ত অঞ্চলগুলি ছাড়া সমগ্র রাজ্যে বহুবিবাহের প্রচলন বন্ধ করা এবং এই প্রথার আইনি বৈধতা বিলোপের উদ্দেশ্যেই এই বিল আনা হয়েছে। শ্রী বিশ্ব শর্মা জানান, এ মাসের ২৫ তারিখ বিলটি আসাম বিধানসভায় পেশ করা হবে।

এই বিল অনুযায়ী কোনও বিবাহিত ব্যাক্তির স্ত্রী জীবিত থাকলে বা তার সঙ্গে ঐ ব্যাক্তি আইনগতভাবে পৃথক না হলে বা তাদের বিবাহবিচ্ছেদ না হয়ে থাকলে সেই ব্যাক্তি দ্বিতীয় বিবাহ করতে পারবেননা। এই আইনে বহুবিবাহের কারণে প্রভাবিত

মহিলাদের জন্য ক্ষতিপূরণের সংস্থানের পাশাপাশি বহুবিবাহের অভিযোগে দোষী সাবস্ত্য ব্যাক্তির সাত বছরের সশ্রম কারাদণ্ডের সংস্থানও রয়েছে।

-------------------

মার্কিন সেনেট ফেডারেল সরকারের চল্লিশ দিন ধরে চলা অচলাবস্থা অবসানের লক্ষ্যে একটি বিল অনুমোদন করেছে। ফেডারেল কর্মীদের ছাঁটাই বন্ধ ক'রে তাদের জন্য তহবিল মঞ্জুর করতে এই বিল সেনেট পাশ করেছে। প্রয়োজনীয় ঠিক ৬০টি ভোটই এই বিলের পক্ষে পড়েছে। প্রায় সব রিপাবলিকান সেনেটর এবং ৮ জন ডেমোক্র্যাট সদস্য একে সমর্থন জানান। এই সমঝোতা বিলকে এখন মার্কিন প্রতিনিধিসভার অনুমোদন পেতে হবে। তারপর, রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের তাতে স্বাক্ষর প্রয়োজন। চলতি অচলাবস্থার সময় রাষ্ট্রপতি ট্রাম্প যে-সব ফেডারেল কর্মীকে ছাঁটাই করেছেন, তা প্রত্যাহার করার সংস্থান এই বিলে রয়েছে।

উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে মার্কিন কেন্দ্রীয় সরকারি কর্মীদের দীর্ঘতম শাট ডাউন এটি। এই ধর্মঘটের ফলে, দেশজুড়ে বিমান চলাচল সহ সবরকম সরকারী কাজকর্ম বিপর্যস্ত হয়ে পড়ে। সরকারের প্রায় সব দফতর এবং কর্মসূচিতে এই ধর্মঘটের প্রভাব পড়েছে।

-------------------

ভারতের নতুন মার্কিন রাষ্ট্রদূত ও রাষ্ট্রপতির ঘনিষ্ঠ সহযোগী সের্জিও গোরের আজকের শপথগ্রহণ অনুষ্ঠানে ট্রাম্প যোগ দেবেন বলে হোয়াইট হাউস জানিয়েছে। শপথগ্রহণের পরেই গোরের নতুন দিল্লিতে দায়িত্ব বুঝে নেওয়ার কথা। গত অক্টোবর মাসে মার্কিন সেনেট গোরের এই নিযুক্তিকে অনুমোদন দেয়। হোয়াইট হাউসে,

রাষ্ট্রপতির ব্যক্তিগত দফতরের প্রাক্তন ডিরেক্টর সের্জিও গোর হবেন ভারতে নিযুক্ত সবচেয়ে কমবয়সী মার্কিন রাষ্ট্রদূত। তিনি দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক বিশেষ মার্কিন প্রতিনিধি হিসেবেও দায়িত্ব পালন করবেন।

-------------------

ফিলিপিন্সে আছড়ে পড়েছে টাইফুন ফুং ওয়ং। নয় লক্ষের বেশি মানুষকে উদ্ধার করে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এখনও পর্যন্ত দুজনের মৃত্যু হয়েছে এই ঝড়ে। ফিলিপিন্সের অরোরা অঞ্চলে এই ঝড় ঘন্টায় ১৮৫ কিমি বেগে বইছে। ওই দেশের আবহাওয়া পরিষেবা সংস্থার পক্ষ থেকে বিধ্বংসী ঝড় ও বিপদজনক বন্যার সতর্কতা জানিয়েছে। পাশাপাশি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ৩০০ এর বেশি বিমান বাতিল করা হয়েছে। বন্ধ রয়েছে একাধিক বিমানবন্দর। উদ্ধার ও ত্রাণের কাজ চলছে অরোরা এলাকায়। এরপর উত্তর দিকে এগোবে এই ঝড়।

-------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে, মধ্য প্রদেশ, ছত্তিসগড় ও ঝাড়খন্ডে আগামী দুদিন শৈত্য প্রবাহ চলবে। আগামী তিন থেকে চার দিন হরিয়ানা ও উত্তর পশ্চিম ভারতের কিছু জায়গায় রাতের তাপমাত্রা স্বাভাবিকের থেকে ২ থেকে ৪ ডিগ্রি নিচে থাকবে। কেরল ও মাহেতে বজ্র বিদ্যুৎ সহ ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। তামিলনাড়ু, পুদুচেরি, কাড়াইকলের একাধিক এলাকাতেও আজ বজ্রপাতের সম্ভাবনা রয়েছে।

-------------------

ইডেনে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম টেস্টে অংশ নিতে ভারতীয় দলের প্রধান কোচ গৌতম গম্ভীর, অধিনায়ক শুভমন গিলসহ কয়েকজন ক্রিকেটার গতরাতে কলকাতায় এসেছেন। শুভমনের সঙ্গে এসেছেন জসপ্রীত বুমরা, ওয়াশিংটন সুন্দর, নীতীশ রেড্ডি ছাড়া বোলিং কোচ মর্নি মর্কেল, সহকারী কোচ রায়ান টেন দুশখাতে, এবং দলের সাপোর্ট স্টাফেরা। দমদম বিমানবন্দর থেকে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে তাঁদের হোটেলে নিয়ে যাওয়া হয়। বাকি ক্রিকেটাররা আজ কলকাতায় আসবেন। ইডেনে আগামীকাল (মঙ্গলবার) ভারতীয় দল অনুশীলন শুরু করবে। ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম টেস্ট শুরু হবে শুক্রবার। দুই টেস্ট সিরিজের দ্বিতীয় টেস্ট গুয়াহাটিতে ২২ শে নভেম্বর শুরু হবে।

------------------ ------------------